স্মারক: ০৪(৪৮)৭৮.০৮.৫০.২৩ তারিখ: ১১/০৩/২৩

বরাবর

অধ্যক্ষ

সরকারী পি সি কলেজ

বাগেরহাট।

বিষয়: বাগেরহাট ফাউন্ডেশন ঘোষিত (মেডিকেল, সম্মান ও উচ্চ মাধ্যমিক পর্যায়) শিক্ষাবৃত্তি প্রদান বিষয়ে নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে প্রচার ও অবহিতকরণ।

জনাব

আমাদের শুভেচ্ছা নিবেন

নিবেদন যে, সমাজসেবা অধিদফতরে নিবন্ধিত বাগেরহাট ফাউন্ডেশন বাগেরহাটের সর্ববৃহৎ অলাভজনক ও সেবাধর্মী সামাজিক প্রতিষ্ঠান হিসেবে সুনামের সাথে বিভিন্ন কাজ করে যাচ্ছে। এই প্রতিষ্ঠানের অন্যতম প্রধান একটি কাজ জেলার অস্বচ্ছল, মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করা। এরই অংশ হিসেবে আমরা বাগফা শিক্ষাবৃত্তি কর্মসূচি ২০২২ ঘোষণা করেছি (নোটিশ সংযুক্ত)। আপনার প্রতিষ্ঠানের সম্মান পর্যায়ের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের উপযুক্ত শিক্ষার্থী এবং ২০২৩ সালের উপযুক্ত এইচ.এস.সি পরিক্ষার্থীবৃন্দ (২০২১-২২ শিক্ষাবর্ষ) এই কর্মসূচির আওতাভুক্ত।

এমতাবস্থায় নিবেদন যে, উপযুক্ত প্রচার ও অবহিতকরণের মাধ্যমে শিক্ষার্থীদের বৃত্তিলাভে আবেদন করার ব্যবস্থা নিয়ে আমাদের কর্মসূচি সফল করতে সহযোগিতা করবেন।

**ফরম সংগ্রহের উপায়:-** শিক্ষার্থী বাগেরহাট ফাউন্ডেশনের ওয়েব সাইটে প্রবেশ করে হোম পেজে বাম দিকের উপরে মেনুবারে ফরম ক্লিক করলে ফরম আসবে। অতপর সেটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে এবং ফরমের নিচে শর্তাবলি অনুসরন ও ফরম পূরণ করে আগামী ৭ এপ্রিল-২০২৩খ্রি: তারিখের মধ্যে বাগেরহাট ফাউন্ডেশনের ঠিকানায় ডাকযোগে বা সরাসরি জমা প্রদান করতে হবে।

ধন্যবাদসহ

(আহাদ উদ্দিন হায়দার)

সাধারণ সম্পাদক।

# বাগেরহাট ফাউন্ডেশন
# Bagerhat Foundation

সমৃদ্ধ বাগেরহাটের প্রত্যাশায় ব্যতিক্রমী সংগঠন

রেজিস্ট্রেশন নং: সমাজসেবা ২০৪/৮১

স্মারক: বাফাউ-০৪(৪৮)-৯৮.১০০.০৬.২৩ তারিখ: ০৭/০৩/২০২২

বাগেরহাট ফাউণ্ডেশন
পুরাতন কোর্ট মসজিদ রোড, বাগেরহাট।
শিক্ষাবৃত্তি- ২০২২

## বিজ্ঞপ্তি

বাগেরহাট ফাউণ্ডেশন নিম্নবর্ণিত ছকে বাগেরহাটের স্থায়ী বাসিন্দাদের মধ্য থেকে ২৫০ জন অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থীর জন্য এককালীন শিক্ষাবৃত্তি ঘোষণা করছে। ০৭ এপ্রিল তারিখের মধ্যে আবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। শর্তাবলিসহ আবেদন ফর্ম বাগেরহাট ফাউণ্ডেশনের ওয়েবসাইট www.bagerhatfoundation.org থেকে ডাউনলোড করতে হবে।

আবেদনের যোগ্যতা: ১-৩ নং ছকে ১ম বর্ষের শিক্ষার্থীকে এইচএসসি/সমমান বিজ্ঞান বিভাগে জিপিএ-৫, মানবিক, বাণিজ্য বিভাগে ন্যূনতম জিপিএ-৪ এবং বিশ্ববিদ্যালয়/জাতীয় বিশ্ববিদ্যালয় পর্যায় ২য় ও ৩য় বর্ষে উত্তীর্ণদের ন্যূনতম সিজিপিএ-২.৭৫। মেডিকেল কলেজের ক্ষেত্রে গ্রেডিং প্রযোজ্য নয়। ৪ নং ক্রমিকে এসএসসি/সমমান বিজ্ঞান বিভাগে জিপিএ-৫। মানবিক, বাণিজ্য বিভাগে-জিপিএ-৪। যোগাযোগ- ০১৭৩৩-৩৫৫৭৬০, ০১৭৩৫-২৮০৭৩৬

| ক্রঃনং | ক্যাটাগরি | শিক্ষাবর্ষ | বৃত্তির সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | সরকারি বিশ্ববিদ্যালয় ও সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয় | চলমান ১ম বর্ষ ও ২য় বর্ষ | ৫০ | ৫,০০০/- |
| ২ | সরকারি মেডিকেল কলেজ | | | |
| ৩ | জাতীয় বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সম্মান) শুধুমাত্র বাগেরহাট জেলার অন্তর্গত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী। | ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ | ৫০ | ৩,০০০/- |
| ৪ | উচ্চ মাধ্যমিক ও সমমান (শুধুমাত্র বাগেরহাট জেলার অন্তর্গত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী) | ২০২১-২২ | ১৫০ | ২,০০০/- |

ধন্যবাদান্তে

(মোহাম্মদ আজিজুর রহমান)
জেলা প্রশাসক, বাগেরহাট
ও সভাপতি
বাগেরহাট ফাউণ্ডেশন।

পুরাতন কোর্ট মসজিদ রোড, বাগেরহাট।
০১৭৮৭-০৮৮০৯৯
e-mail: bagerhatfoundation1981@gmail.com, www.bagerhatfoundation.org